প্রথম আলো

তারিখ ....4 JUN 2009..
পৃষ্ঠা ...৩... কলাম .....৫.....

# শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডেকেছে ছাত্রলীগ

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের ধর্মঘট ডেকেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। হলে আসন বরাদ্দে অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও দলীয়করণের অভিযোগ তুলে গতকাল বুধবার এই ধর্মঘট কর্মসূচি দেওয়া হয়।

ক্যাম্পাস সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে সম্প্রতি প্রশাসন প্রাথমিকভাবে মনোনীত শিক্ষার্থীদের আসন বরাদ্দ তালিকা প্রকাশ করে। প্রশাসনের এই আসন বরাদ্দে অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও দলীয়করণের অভিযোগ তুলে বাংলাদেশ ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখা গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। দুপুরে ক্যাম্পাসের লাইব্রেরি ভবনের সামনে থেকে শুরু হয়ে বিক্ষোভ মিছিলটি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে লাইব্রেরি ভবনের সামনে এসে জড়ো হয়। ছাত্রলীগের দুই শতাধিক নেতা-কর্মী এতে অংশ নেন। পরে লাইব্রেরি ভবনের সামনে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়।

সমাবেশে বক্তারা বলেন, প্রশাসন মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে আসন বণ্টনের কথা বললেও বাস্তবে তা করেনি। ছাত্রলীগের অনেক মেধাবী ও জ্যেষ্ঠ নেতা-কর্মীদের বাদ দিয়ে ব্যাপক অনিয়ম ও দলীয়করণ করে ছাত্রশিবিরের নেতা-কর্মীদের আসন বরাদ্দ দেওয়া হয়েছে। সমাবেশ শেষে তাঁরা উপাচার্য সালেহ উদ্দিনকে স্মারকলিপি দেন।

বিকেল পাঁচটার দিকে তালিকা অনুযায়ী প্রাথমিকভাবে মনোনীত ছাত্রদের সাক্ষাৎকার আহ্বান করা হলে ছাত্রলীগের বিক্ষোভের মুখে সাক্ষাৎকার বন্ধ হয়ে যায়। ওই সময় ছাত্রলীগ দফায় দফায় মিছিল ও সমাবেশ করে। এরপর তারা এক জরুরি বৈঠকে বসে ধর্মঘটের সিদ্ধান্ত নেয়।